

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-১৩৮৬

তারিখ : ২১ নভেম্বর ২০১৭।

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার” এ অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের” স্বীকৃতি লাভের অর্জন একযোগে দেশব্যাপী উদ্‌যাপন।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৭-৫১৬; তারিখ: ২০ নভেম্বর ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ািলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার” এ অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের” স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে আগামী ২৫/১১/২০১৭ তারিখ ঢাকা মহানগরীসহ সকল জেলা ও উপজেলায় “আনন্দ শোভাযাত্রা”র মাধ্যমে উদ্‌যাপন করার জন্য কর্মসূচি গৃহিত হয়েছে। স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি, উপজেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারী, বীর মুক্তিযোদ্ধা, সাংস্কৃতিক ও ক্রীড়া ব্যক্তিত্ব, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সর্বস্তরের জনগণ ও শিশু/কিশোরদের অংশগ্রহণে আগামী ২৫/১১/২০১৭ তারিখ সকাল ১০.০০ টায় সারাদেশে সকল উপজেলায় একযোগে “আনন্দ শোভাযাত্রা”র আয়োজন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। উক্ত “আনন্দ শোভাযাত্রা” আয়োজন এবং তা বর্ণাঢ্য, জাঁকজমকপূর্ণ ও উৎসবমুখর করার লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ হতে আর্থিক বিধি বিধান অনুসরণ করে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো। একই সাথে সারা দেশে তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ (সাদাকালো ও রঙ্গিন) ভিজ্যুয়াল ডিসপ্লের মাধ্যমে প্রচার করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ..... পাতা।

J. Amin  
22/11/2017  
(ড. জুলিয়া মর্সিন)  
উপসচিব  
ফোন : ৯৫৬২২৪৭

১। চেয়ারম্যান (সকল),..... উপজেলা পরিষদ,..... জেলা।

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),..... উপজেলা,..... জেলা।

৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান (সকল),..... উপজেলা,..... জেলা।

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সাধারণ অধিশাখা)।

২। জেলা প্রশাসক (সকল), ..... জেলা।

৩। উপপরিচালক, স্থানীয় সরকার(সকল), ..... জেলা।

৪। উপসচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।